বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/২০১৭(অংশ-১)- ৯০২৯৯- জে, তারিখ: কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: সাইবার ট্রাইব্যুনাল, ময়মনসিংহ-এ কর্মরত "ড্রাইভার" জনাব মোঃ আবু হানিফা-এর চিকিৎসার ব্যয় নির্বাহের নিমিত্ত আর্থিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।

সূত্র: সাইবার ট্রাইব্যুনাল, ময়মনসিংহ -এর গত ১৭.১০.২০২৬ খ্রি. তারিখের ২১৬ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ আবু হানিফা বর্তমানে গাড়ীচালক হিসাবে সাইবার ট্রাইব্যুনাল, ময়মনসিংহে কর্মরত আছেন। তিনি গত ০১.০৭.২০১৯ ইং তারিখে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-৭, ঢাকায় যোগদান করে অদ্যাবধি সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালন করে আসছেন। অত্যন্ত দুঃখের সঙ্গে জানিয়েছেন যে, তিনি সম্প্রতি বিভিন্ন রোগে আক্রান্ত হন। বিগত তিনমাস পূর্বে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালের সহকারী অধ্যাপক ডা. ফকরুজ্জামান (হেপাটোলজি) স্যারের শরণাপন্ন হলে তার "লিভার বি ভাইরাস" রোগ ধরা পড়ে এবং ডাক্তারের পরামর্শ অনুযায়ী গত ০৪.১০.২০২৬ খ্রিঃ তারিখে বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়, ঢাকায় হেপাটোলজি বিভাগে ভর্তি হয়ে চিকিৎসাধীন আছেন। তার লিভারে টিউমার থাকায় বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ডাক্তার অধ্যাপক ডা. দুলাল চন্দ্র দেবনাথ ও অধ্যাপক ডা. নূরে আলম ডিউ দ্রুত তার লিভার ট্রান্সপ্ল্যান্ট (লিভার প্রতিস্থাপন) করতে হবে মর্মে জানান। উক্ত চিকিৎসায় সম্ভাব্য ব্যয় ৪০/৫০ লক্ষ টাকা ব্যয় হবে বলে হাসপাতাল কর্তৃপক্ষ তাকে জানান। উক্ত ৪০/৫০ লক্ষ টাকা ব্যয়ভার বহন করা তার মতো একজন নিম্ন বেতনভোগী কর্মচারীর পক্ষে অসম্ভব। ফলে তিনি ও তার পরিবার বর্তমানে চরম আর্থিক সংকটের মধ্যে মানবেতর জীবনযাপন করছেন। "লিভার ট্রান্সপ্ল্যান্ট"-এর চিকিৎসা বেশ ব্যয়বহুল। চিকিৎসা, ঔষধ, যাতায়াত, খাওয়া-দাওয়া ইত্যাদি ব্যয়ভার নিয়ে তিনি অত্যন্ত উদ্বিগ্ন। তিনি একজন নিম্ন বেতন ভোগী কর্মচারী। চাকুরীর বেতন ভাতা ছাড়া তার উপার্জনের আর কোন উৎস নাই। ইতিমধ্যে তার চিকিৎসা বাবৎ প্রায় ৪ লক্ষ টাকা খরচ হয়ে গিয়েছে। তাছাড়া, তার ০১ টি ছেলে ও ০১ টি মেয়ে সন্তান রয়েছে। ছেলে হাফিজি মাদরাসায় এবং মেয়ে ৪র্থ শ্রেনীতে অধ্যয়নরত। তার শারীরিক অবস্থা এবং অসহায় আর্থিক পরিস্থিতি মানবিক দৃষ্টিকোণ থেকে সদয় বিবেচনা করে দেশের সকল আদালতের কর্মকর্তা-কর্মচারীদের নিকট তার চিকিৎসার জন্য স্বেচ্ছায় আর্থিক সহযোগীতা প্রদানের প্রার্থনা জানিয়েছেন।

২। এমতাবস্থায়, সাইবার ট্রাইব্যুনাল, ময়মনসিংহ-এ কর্মরত "ড্রাইভার" জনাব মোঃ আবু হানিফা-এর চিকিৎসার ব্যয় নির্বাহের নিমিত্ত আর্থিক সাহায্যের আবেদনটি বাংলাদেশের প্রতিটি অধস্তন আদালতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। একই সাথে আপনার অধীনস্থ একজন কর্মকর্তা-কে এতদ্‌উদ্দেশ্যে দায়িত্ব প্রদানক্রমে এ সংক্রান্ত কার্যক্রম সমন্বয় করার জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২(দুই) ফর্দ।

স্বাক্ষরিত
(মুহাম্মদ শরিফুর রহমান)
রেজিস্ট্রার (বিচার)
ফোন: ০২২২৩৩৫৮৭৮০
ই-মেইল: registrar.judicial@supremecourt.gov.bd

সাহায্য পাঠানোর ঠিকানা:
মোঃ আবু হানিফা
সঞ্চয়ী হিসাব নম্বর- ৫৫০৭৯০১০০৬৮০৩
সোনালী ব্যাংক লিঃ, ডিস্ট্রিক্ট কাউন্সিল হল শাখা, ঢাকা
বিকাশ (পার্সোনাল)-০১৭১৪-২৪১২৪০

স্মারক নং-১জে-১০/২০১৭(অংশ-১)- ৯০২৯৯- জে, তারিখ: কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,----------(সকল)।
৩। মহানগর দায়রা জজ, ----------(সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ----------(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ----------(সকল।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,---------- ----------(সকল।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,---------- ---------- ---------- (সকল।
৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, ---------- ----------(সকল।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১০। বিচারক (জেলা জজ), শিশু সহিংসতা দমন ট্রাইব্যুনাল.....(সকল)।
১১। বিচারক (জেলা জজ), পারিবারিক আপিল আদালত.....(সকল)।

প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের


১২। বিচারক (জেলা জজ), ল্যান্ড সার্ভে আপিল ট্রাইব্যুনাল.....(সকল)।
১৩। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,----------(সকল)।
১৪। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১৫। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ---------- (সকল)।
১৬। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ---------- (সকল)।
১৭। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ...(সকল)।
১৮। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ... (সকল)।
১৯। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা ।
২০। সদস্য (অতিরিক্ত জেলা জজ), কাস্টমস এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,..... (সকল)।
২১। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা ।
২২। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২৩। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২৪। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২৫। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৬। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা ।
২৭। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা ।
২৮। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৯। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
৩০। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
৩১। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
৩২। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩৩। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩৪। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩৫। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৬। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৭। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৮। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৯। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৪০। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,----------(সকল)।
৪১। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,----------(সকল)।
৪২। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৩। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪৪। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল.....(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৪৫। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৬। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৭। মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৮। রেজিস্ট্রার জেনারেল এর একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৯। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫০। অফিস কপি।

05.11.26

(এস.এম.সাদাকাত মাহমুদ)
সহকারী রেজিস্ট্রার(বিচার)
ফোন: ০২৫৫১১০৪৯৪



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সাইবার ট্রাইব্যুনাল এর কার্যালয় ময়মনসিংহ।



স্মারক নংঃ ২১৬

প্রেরক ঃ রুনা নাহিদ আকতার
বিচারক (সিনিয়র জেলা ও দায়রা জজ)
সাইবার ট্রাইব্যুনাল, ময়মনসিংহ।

প্রাপক ঃ মাননীয় রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

বিষয় ঃ অত্র ট্রাইব্যুনালে কর্মরত গাড়ীচালক মোঃ আবু হানিফা এর লিভার ট্রান্সপ্ল্যান্ট (লিভার প্রতিস্থাপন) চিকিৎসার জন্য দেশের সকল আদালত / ট্রাইব্যুনালের কর্মকর্তা-কর্মচারীদের নিকট আর্থিক সহযোগিতার আবেদনপত্রখানা অগ্রবর্তীকরণ প্রসঙ্গে।

মহোদয়,

যথাযথ সম্মান প্রদর্শন পূবক বিনীত নিবেদন এই যে, উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সাইবার ট্রাইব্যুনাল, ময়মনসিংহে কর্মরত জনাব মোঃ আবু হানিফা এর লিভার ট্রান্সপ্ল্যান্ট চিকিৎসার জন্য সকল আদালত/ট্রাইব্যুনালের কর্মকর্তা-কর্মচারীদের নিকট আর্থিক সহযোগিতার জন্য আবেদনপত্রখানা মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অত্রসহ প্রেরণ করা হলো।

১৭/১০/২০২৫
(রুনা নাহিদ আকতার)
বিচারক (সিনিয়র জেলা ও দায়রা জজ)
সাইবার ট্রাইব্যুনাল,ময়মনসিংহ
আইডি নং- ১৯৯৪১১৩০৩৫
Email-cyber.tribunal.mymensingh@gmail.com

সংযুক্তিঃ
১। আবেদনপত্র ও সংযুক্ত কাগজ- ০৫ ফর্দ।

বরাবর,

মাননীয় রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
ঢাকা।

মাধ্যম ঃ মাননীয় বিচারক (সিনিয়র জেলা ও দায়রা জজ)
সাইবার ট্রাইব্যুনাল, ময়মনসিংহ।

বিষয় ঃ লিভার ট্রান্সপ্ল্যান্ট (লিভার প্রতিস্থাপন) চিকিৎসার জন্য দেশের সকল আদালতের কর্মকর্তা-কর্মচারীদের নিকট আর্থিক সহযোগীতার আবেদন।

মহোদয়,

যথাবিহিত সম্মান প্রদর্শনপূর্বক সবিনয় নিবেদন এই যে, আমি মোঃ আবু হানিফা বর্তমানে গাড়ীচালক হিসাবে সাইবার ট্রাইব্যুনাল, ময়মনসিংহ কর্মরত আছি। আমি গত ০১/০৭/২০১৯ ইং তারিখে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-৭, ঢাকায় যোগদান করে অদ্যাবধি সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালন করে আসছি।

অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, আমি সম্প্রতি বিভিন্ন রোগে আক্রান্ত হই। বিগত তিনমাস পূর্বে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালের সহকারী অধ্যাপক ডা. ফকরুজ্জামান (হেপাটোলজি) স্যারের শরণাপন্ন হলে আমার "লিভার বি ভাইরাস" রোগ ধরা পড়ে এবং ডাক্তারের পরামর্শ অনুযায়ী গত ০৪/১০/২০২৬ খ্রিঃ তারিখে বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়, ঢাকায় হেপাটোলজি বিভাগে ভর্তি হয়ে চিকিৎসাধীন আছি। আমার লিভারে টিউমার থাকায় বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ডাক্তার অধ্যাপক ডা. দুলাল চন্দ্র দেবনাথ ও অধ্যাপক ডা. নূরে আলম ডিউ দ্রুত আমার লিভার ট্রান্সপ্ল্যান্ট (লিভার প্রতিস্থাপন) করতে হবে মর্মে জানান। উক্ত চিকিৎসায় সম্ভাব্য ব্যয় ৪০/৫০ লক্ষ টাকা ব্যয় হবে বলে হাসপাতাল কর্তৃপক্ষ আমাকে জানান। উক্ত ৪০/৫০ লক্ষ টাকা ব্যয়ভার বহন করা আমার মতো একজন নিম্ন বেতনভোগী কর্মচারীর পক্ষে অসম্ভব। ফলে আমি ও আমার পরিবার বর্তমানে চরম আর্থিক সংকটের মধ্যে মানবেতর জীবনযাপন করছি।

"লিভার ট্রান্সপ্ল্যান্ট"-এর চিকিৎসা বেশ ব্যয়বহুল। চিকিৎসা, ঔষধ, যাতায়াত, খাওয়া-দাওয়া ইত্যাদি ব্যয়ভার নিয়ে আমি অত্যন্ত উদ্বিগ্ন। আমি একজন নিম্ন বেতন ভোগী কর্মচারী। চাকুরীর বেতন ভাতা ছাড়া আমার উপার্জনের আর কোন উৎস নাই। ইতিমধ্যে আমার চিকিৎসা বাবৎ প্রায় ৪ লক্ষ টাকা খরচ হয়ে গিয়েছে। তাছাড়া, আমার ০১ টি ছেলে ও ০১ টি মেয়ে সন্তান রয়েছে। ছেলে হাফিজি মাদরাসায় এবং মেয়ে ৪র্থ শ্রেনীতে অধ্যায়নরত।

এমতাবস্থয়, আমার শারীরিক অবস্থা এবং অসহায় আর্থিক পরিস্থিতি মানবিক দৃষ্টিকোণ থেকে সদয় বিবেচনা করে দেশের সকল আদালতের কর্মকর্তা-কর্মচারীদের নিকট আমার চিকিৎসার জন্য স্বেচ্ছায় আর্থিক সযোগীতা প্রদানের আবেদন জানিয়ে প্রয়োজনীয় পত্র জারীর ব্যবস্থা গ্রহণের জন্য আপনার সদয় মর্জি কামনা করছি। বিচার বিভাগের সহকর্মীদের আন্তারিক সহযোগীতা পেলে আমার প্রয়োজনীয় চিকিৎসা অব্যাহত রাখা এবং সুস্থ হয়ে পুনরায় দায়িত্ব পালনে সক্ষম হওয়া সম্ভব হবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

অতএব, আমার আবেদনটি সহানুভূতির সঙ্গে বিবেচনা করে দেশের সকল আদালতের কর্মকর্তা-কর্মচারীদের নিকট আর্থিক সহযোগিতা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে বধিত করবেন।

বিনীত নিবেদক

মোঃ আবু হানিফা

(মোঃ আবু হানিফা)
গাড়ীচালক
সাইবার ট্রাইব্যুনাল, ময়মনসিংহ।

সংযুক্তিঃ

১। প্রয়োজনীয় প্রেসক্রিপশন ও অন্যান্য মেডিকেল রিপোর্টের ফটোকপি।

সাহায্য পাঠানোর ঠিকানাঃ

হিসাবধারীর নামঃ মোঃ আবু হানিফা
সঞ্চয়ী হিসাব নং-৫৫০৭৯০১০০৬৮০৩
সোনালী ব্যাংক পিএলসি
ডিস্ট্রিক কাউন্সিল হল শাখা, ঢাকা।
বিকাশ (পার্সোনাল) ঃ ০১৭১৪-২৪১২৪০